**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**মিরপুর রোড শাখা, ঢাকা**

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, বাড়ী নং- ১২, রোড নং- ০৫, ধানমন্ডি, ঢাকা-১২০৭ এর ঋণগ্রহীতা মোঃ নাজমুল হাসান চৌধুরী, পিতাঃ মোঃ নজরুল ইসলাম চৌধুরী; মাতাঃ কহিনুর চৌধুরী; স্থায়ী ঠিকানাঃ বাড়ী-৬৭/বি, রোডঃ ১৫-এ (নতুন), ধানমন্ডি আর/এ, ধানমিন্ডি, ঢাকা-১২০৯; বর্তমান ঠিকানাঃ দিগন্ত এপার্টমেন্ট, ফ্ল্যাটঃ ৩ ও ৩ এ, পরিবাগ, শাহবাগ, ঢাকা এবং এডিডি রহমান'স হেরিটেজ, ফ্ল্যাট-৬এ & ৬ বি, বাড়ী-৩৫/সি, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা এবং ব্যাবসায়িক ঠিকানাঃ বাড়ী নং-৩৮, রোড-১০-এ, ধানমন্ডি, ঢাকা। কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৭/১০/২০২০ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,১৪,৪১,৪১১.৪৫ (এক কোটি চৌদ্দ লক্ষ একচল্লিশ হাজার চারশত এগার টাকা পয়তাল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলাঃ ঢাকা, পুলিশ ষ্টেশনঃ সাবেক লালবাগ, হালঃ ধানমন্ডি, সাব রেজিষ্ট্রার অফিসঃ তেজগাও, মৌজাঃ ধানমন্ডি, ঢাকা কালেক্টরেট তৌজি নম্বরঃ সিএস-২৫১, এসএ-০১, আরএস এবং ঢাকা সিটি জরীপ-১১, সিএস খতিয়ান নম্বর-১৭৪,১৮৬,১৭৫,১৫৯ ও ১৯৯, এসএ খতিয়ান নম্বর-৩৮, আর এস খতিয়ান নম্বর-১৩৬৮, ঢাকা সিটি জরিপ খতিয়ান নম্বর-৪২৯০, সিএস দাগ নম্বর-৬৭,৫২,২৪,২৫,৫০,৫১ ও ৫৮, এসএ দাগ নম্বর-৭১, আরএস দাগ নম্বর-১১৬, ঢাকা সিটি জরিপ দাগ নম্বর-৩৬৯, সাবেক জোট নম্বর-১২৫/২২ এর মোট জমি (কম-বেশী) ৪.৮৭৩ কাঠা বা ৮.০৪ ডেসিমাল এর উপর নির্মিত ৭ তলা বিশিষ্ট ইমারতের (এডিডি রহমান'স হেরিটেজ, সিটি কর্পোরেশন হোল্ডিং নম্বর-৩৫/সি, লেক সার্কাস, কলাবাগান, ঢাকা) ৭ম তলার দক্ষিন-পশ্চিম-উত্তর পাশে অবস্থিত ৬-এ এবং ৬-বি নম্বর এপার্টমেন্ট যার আয়তন ২২৭৪ স্কয়ার ফিট; এতদ্সাথে নীচতলার একটি গাড়ি পার্কিং স্পেস এবং ফ্ল্যাটের আণুপাতিক হারে প্রাপ্য অবিভক্ত এবং অচিনহিত ০.৮১২ কাঠা(১.৩৪ ডেসিমাল) জমি।

**নিলামের শর্তাবলী**

(১) আগামী ১৭.১১.২০২০ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাক যোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ)টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতা কে সমুদয় মূল্য পরি শোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতা কে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন ।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন ।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।

(৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর রোড শাখা, ঢাকা।**